



সম্পর্ক মন্ত্র মন্ত্রণালয়ে সোমবার, জুন ২০, ২০০৫

সম্পর্ক মন্ত্রণালয়ে সম্পর্ক মন্ত্রণালয়ে সম্পর্ক মন্ত্রণালয়ে সম্পর্ক মন্ত্রণালয়ে

সংস্থাপন মন্ত্রণালয়

সম্পর্ক মন্ত্রণালয়ে সম্পর্ক মন্ত্রণালয়ে সম্পর্ক মন্ত্রণালয়ে

তারিখ, ৬ই আষাঢ় ১৪১২/২০ শে জুন ২০০৫

এস.আর.ও নং ১৮৩-আইন/২০০৫/সম/বিধি-১/এস-৯/২০০০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে থদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকর্মশালের সহিত পরামর্শক্রমে, নিম্নলিপি বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা সমান্ত উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটের পদে নিয়োগের ফেছে ব্যবস শিথিলকরণ বিধিমালা, ২০০৫ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “উন্নয়ন প্রকল্প” অর্থ ১ জুলাই, ১৯৯৭ ইং তারিখ হইতে শুরু হওয়া উন্নয়ন বাজেটভূক্ত সরকার কর্তৃক অনুমোদিত সমান্ত প্রকল্পসমূহ;
- (খ) “উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা বা কর্মচারী” অর্থ উন্নয়ন প্রকল্পের কোন পদে নিয়োগপ্রাপ্ত হইয়া উক্ত প্রকল্পের সমাপ্তির তারিখ পর্যন্ত সাকুল্য বেতনে চাকুরীরত ছিলেন এইরূপ কর্মকর্তা বা কর্মচারী;
- (গ) “কর্তৃপক্ষ” অর্থ রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ;
- (ঘ) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম-কমিশন;
- (ঙ) “বহিরাগত প্রার্থী” অর্থ রাজস্ব বাজেটের পদে নিয়োগ লাভে ইচ্ছুক উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারী ব্যক্তিত অন্য কোন প্রার্থী;
- (চ) “রাজস্ব বাজেটের পদ” অর্থ উন্নয়ন প্রকল্পের পদ যাহা রাজস্ব বাজেটে নতুনভাবে সূজিত হইয়াছে।

৩। বিধিমালার প্রাধান্য।—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। বয়স শিথিলকরণ পক্ষতি।—(১) যে ক্ষেত্রে রাজন্য বাজেটের কোন শুল্য পদে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে সরাসরি নিয়োগের জন্য সংশ্লিষ্ট পদের নিয়োগ বিধি ও পক্ষতি অনুযায়ী কর্তৃপক্ষ বা ক্ষেত্রমত, কমিশন কর্তৃক বিজ্ঞপ্তি প্রচার করিয়া দরখাস্ত আহ্বান করা হয় সেইক্ষেত্রে উক্ত বিধি বা পক্ষতিতে প্রার্থীর বয়ঃ সীমার বিষয়ে যাহা কিছুই থাকুক না কেন, বহিরাগত প্রার্থীদের সহিত উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের দরখাস্ত দাখিল করিবার অধিকার থাকিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রাজন্য বাজেটের কোন পদে নিয়োগ লাভের জন্য প্রার্থী হইবার ক্ষেত্রে উন্নয়ন প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীগণের বয়সসীমা শিথিল করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৩) এই বিধির অধীন প্রদত্ত বয়সসীমা শিথিলের সুযোগ গ্রহণ করিয়া চাকুরীপ্রাপ্ত হইলে সেইক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীর নিয়োগ নবনিরোগ বলিয়া গণ্য হইবে।

৫। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকর করণের ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সংগতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

এ এস এম আব্দুল হালিম

সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।